

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 23 June, 2025

চট্টগ্রামে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও দুইজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চট্টগ্রামে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ছয়জনে। সোমবার (২৩ জুন) সিভিল সার্জন কার্যালয় থেকে প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

করোনায় মৃতরা হলেন, নোয়াখালীর কোম্পানীগঞ্জের সিরাজপুরের বাসিন্দা কাজী আব্দুল আউয়াল (৮০) ও চট্টগ্রাম নগরীর কোতোয়ালী থানাধীন ফিরিঙ্গিবাজার এলাকার বাসিন্দা রাবেয়া খাতুন (৯৫)। তারা দুজনই এ্যাপোলো ইমপেরিয়াল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এদিকে, ২৪ ঘণ্টায় নতুন করে আরও ৪ জনের করোনা শনাক্ত হয়েছে। এদিন ৭টি ল্যাবে পরীক্ষা করা হয়। এর মধ্যে চট্টগ্রাম মেডিকেল কলেজ ল্যাবে পরীক্ষায় ১ জন, ইম্পেরিয়াল হাসপাতালে ৪ জন, শেভরন ল্যাবে ২ জন এবং এভারকেয়ার হাসপাতালে ১ জনের করোনা শনাক্ত হয়।

এখন পর্যন্ত মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৭৮ জন। এর মধ্যে নগরীতে শনাক্তের সংখ্যা বেশি করোনা মোকাবেলায় সব ধরনের প্রস্তুতি রয়েছে বলে জানিয়েছেন সিভিল সার্জন ডা. জাহাঙ্গীর আলম চৌধুরী।

করোনা ভাইরাস করোনায় মৃত্যু চট্টগ্রাম নোয়াখালী

Generated on 19 July, 2025 05:27

URL: <https://timestodaybd.com/public/across-the-country/9240303575>